



নং-৩৩.০৭.০০০০.১২৮.০১১.০২.২৩-১৪২

তারিখঃ ১০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২২/০৫/২০২৩ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২৫৭১.২০২৩-৩৬ নং স্মারকের সুপারিশ, মেডিকেল বোর্ডের প্রত্যয়ন এবং পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন অনুযায়ী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর “মেডিক্যাল অফিসার কাম-ইন্সট্রাক্টর” পদে, গ্রেড-৯ম (১ম শ্রেণি) জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে টা: ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে জনাব নাঈমা জামান সেতু, পিতাঃ মোঃ ওয়াহিদুজ্জামান, মাতাঃ বেগম করিমুননেছা, গ্রাম: বেজড়া, ডাকঘর: নহাটা, উপজেলা: মহম্মদপুর, জেলা: মাগুরা-কে নিম্নলিখিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

শর্তাবলি:

- (ক) নিয়োগকৃত পদে যোগদানের তারিখ হতে তাকে “মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের (মেরিন ফিশারিজ একাডেমি কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮” অনুযায়ী “মেডিক্যাল অফিসার কাম-ইন্সট্রাক্টর” পদে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসাবে কাজ করতে হবে। শিক্ষানবিস থাকাকালে তার আচরন ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে কোন কারণ দর্শানো এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকুরি থেকে অপসারণ করা যাবে।
 - (খ) শিক্ষানবিসকালের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং উল্লিখিত নিয়োগ বিধিমালায় বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তার চাকুরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে।
 - (গ) যদি তিনি বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
 - (ঘ) চাকুরির জ্যেষ্ঠতা “মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের (মেরিন ফিশারিজ একাডেমি কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮” অনুযায়ী এবং সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে।
 - (ঙ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে উল্লিখিত হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকুরি নিয়ন্ত্রিত হবে।
 - (চ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।
 - (ছ) বর্তমানে তিনি কোন প্রতিষ্ঠানে চাকুরিরত থাকলে তাকে যোগদানের সময় নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র দাখিল করতে হবে।
- ০২। বর্ণিত শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য হলে আগামী ১৫/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম-এ যোগদান করতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে অসম্মত বিবেচনা করে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৩। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(এইচ. এম. খালিদ ইফতেখার)
উপসচিব

ফোনঃ ২২৩৩৫৬৩৫৬

তারিখঃ ১০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং-৩৩.০৭.০০০০.১২৮.০১১.০২.২৩-১৪২(১৫)

সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।
- ০৬। মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৭। যুগ্মসচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা।
- ১১। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম।
- ১২। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। জনাব নাঈমা জামান সেতু, পিতাঃ মোঃ ওয়াহিদুজ্জামান, মাতাঃ বেগম করিমুননেছা, গ্রাম: বেজড়া, ডাকঘর: নহাটা, উপজেলা: মোহাম্মদপুর, জেলা: মাগুরা।
- ১৪। যুগ্মসচিব (প্লু-ইকোনমি) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। অফিস কপি/মাস্টার কপি।